**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

**সংবাদ গতিধারা**

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ১৯২/২০১৭-১৮**

**ঢাকা, মঙ্গলবার, ৩ এপ্রিল ২০১৮, ২০ চৈত্র ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। পদ্মা সেতুর কর্মযজ্ঞ পরিদর্শন করলেন রাষ্ট্রপতি

২। ময়মনসিংহ সিটি করপোরেশন অনুমোদন করলো নিকার

৩। মন্ত্রিসভার বৈঠকে ১ মার্চ জাতীয় ভোটার দিবস পালনের সিদ্ধান্ত

৪। প্রতিবন্ধীদের প্রতি সকলেরই সদয় হতে হবে : অটিজম সচেতনতা দিবসের অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

৫। বেসরকারি মেডিক্যাল কলেজে শিক্ষার মান বাড়াতে কমিটি গঠন করা হয়েছে

৬। প্রশ্নপত্র ফাঁস চক্রকে জঙ্গিদের মতোই নিশ্চিহ্ন করা হবে : র‌্যাব মহাপরিচালক

৭। আইনকানুন সংক্রান্ত ধারাবাহিক প্রকাশনা হিসেবে 'বাংলাদেশ কোড' এর মোড়ক উন্মোচন করলেন প্রধানমন্ত্রী

৮। আজ জাতীয় চলচ্চিত্র দিবস : বিএফডিসি ও শিল্পকলা একাডেমিতে বর্ণাঢ্য আয়োজন

৯। গত মার্চে রেমিট্যান্স বেড়েছে ২১ শতাংশ : বাংলাদেশ ব্যাংকের তথ্য

চলমান পাতা-২

**১। পদ্মা সেতুর কর্মযজ্ঞ পরিদর্শন করলেন রাষ্ট্রপতি**

দৃশ্যমান পদ্মা সেতুর অবকাঠামো স্বচক্ষে অবলোকন করেছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ। গতকাল (২ এপ্রিল সোমবার) তিনি পদ্মা সেতুর কর্মযজ্ঞ দেখে অভিভূত হন। শরীয়তপুরের জাজিরা প্রান্তে পদ্মা সেতুর দৃশ্যমান ৪৫০ মিটার অবকাঠামো ঘুরে দেখেন তিনি। এ সময় তাঁর সঙ্গে ছিলেন সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **সমকাল** (পৃ.২,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৫)।

**২। ময়মনসিংহ সিটি করপোরেশন অনুমোদন করলো নিকার**

ময়মনসিংহ পৌরসভাকে সিটি করপোরেশনে উন্নীত এবং বাংলা নামের সঙ্গে সামঞ্জস্য রেখে পাঁচ জেলার নামের ইংরেজি বানান পরিবর্তন করেছে সরকার। জেলাগুলো হলো চট্টগ্রাম, বরিশাল, কুমিল্লা, যশোর ও বগুড়া। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গতকাল (২ এপ্রিল সোমবার) তাঁর কার্যালয়ে অনুষ্ঠিত প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটির (নিকার) সভায় এ পাঁচ জেলার নামের ইংরেজি বানান পরিবর্তনের প্রস্তাব অনুমোদন দেওয়া হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

**৩। মন্ত্রিসভার বৈঠকে ১ মার্চ জাতীয় ভোটার দিবস পালনের সিদ্ধান্ত**

প্রতি বছর ১ মার্চ 'জাতীয় ভোটার দিবস' পালনের ঘোষণা দিয়েছে সরকার। গণতন্ত্র, নির্বাচন এবং ভোটাধিকারের বিষয়ে তরুণ সমাজকে উদ্বুদ্ধ করতেই এ দিবসটি পালন করা হবে। গতকাল (২ এপ্রিল সোমবার) প্রধানমন্ত্রীর কার্যালয়ে মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে দিবসটি উদ্‌যাপনের সিদ্ধান্ত নিয়ে মন্ত্রিপরিষদ বিভাগে এ সংক্রান্ত প্রস্তাব অনুমোদন দেওয়া হয়েছে। বৈঠকে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

বৈঠকে সিলেটে দেশের চতুর্থ মেডিক্যাল বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার জন্য সিলেট মেডিক্যাল বিশ্ববিদ্যালয় আইন-২০১৮'র খসড়ার নীতিগত অনুমোদন দেওয়া হয়েছে। এছাড়া চার জাতি জকি যুব ফুটবল টুর্নামেন্টে শিরোপা জয়ের জন্য মন্ত্রিসভা বাংলাদেশ অনূর্ধ্ব-১৫ নারী দলকে অভিনন্দন জানিয়েছে। গত ১ এপ্রিল রোববার হংকংয়ে এ টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৫), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৬)।

**৪। প্রতিবন্ধীদের প্রতি সকলেরই সদয় হতে হবে : অটিজম সচেতনতা দিবসের অনুষ্ঠানে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা অটিস্টিকদের সুপ্ত প্রতিভা বিকাশের সুযোগ ও সমাজে তাদের মর্যাদাপূর্ণ জায়গা করে দেওয়ায় ভূমিকা রাখতে সকলের প্রতি আহ্বান জানিয়ে বলেছেন, প্রতিবন্ধীদের প্রতি সকলেরই সদয় হতে হবে। তাদের সঙ্গে স্বাভাবিক আচরণ করলে তারাও সমাজের বিভিন্ন ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রাখতে পারে। এবার দু'জন দৃষ্টি প্রতিবন্ধী বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ হয়ে চাকরি পেয়েছে। বিশ্বখ্যাত বিজ্ঞানী, মনীষীদের কেউ-কেউ প্রতিবন্ধিতায় আক্রান্ত ছিলেন উল্লেখ করে প্রধানমন্ত্রী সুর সম্রাট মোজার্টের উদাহরণ দেন। গতকাল (২ এপ্রিল সোমবার) রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে ১১তম বিশ্ব অটিজম সচেতনতা দিবস উপলক্ষে সমাজকল্যাণ মন্ত্রণালয় আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **ডেইলি সান** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.২)।

**৫। বেসরকারি মেডিক্যাল কলেজে শিক্ষার মান বাড়াতে কমিটি গঠন করা হয়েছে**

বেসরকারি মেডিক্যাল কলেজে শিক্ষার মান বাড়ানোর উদ্যোগ নিয়েছে সরকার। বেসরকারি মেডিক্যাল কলেজ শিক্ষা পরিচালনা নীতিমালা সংস্কারের লক্ষ্যে সুপারিশ প্রদানের জন্য স্বাস্থ্য প্রতিমন্ত্রীর নেতৃত্বে ছয় সদস্যের একটি কমিটি গঠন করেছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম। গতকাল (২ এপ্রিল সোমবার) সচিবালয়ে অনুষ্ঠিত বেসরকারি মেডিক্যাল কলেজ পরিচালনা নীতিমালা সংস্কারসংক্রান্ত সভায় সভাপতিত্বকালে তিনি এ কমিটি গঠন করেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৫), **নিউ এজ** (পৃ.৩,ক.২)।

**৬। প্রশ্নপত্র ফাঁস চক্রকে জঙ্গিদের মতোই নিশ্চিহ্ন করা হবে : র‍্যাব মহাপরিচালক**

প্রশ্নপত্র ফাঁস চক্রের সদস্যরা সন্ত্রাসী। এ ধরনের সন্ত্রাসীদের জঙ্গিদের মতোই নিশ্চিহ্ন করা হবে। গতকাল (২ এপ্রিল সোমবার) রাজধানীর উত্তরায় র‍্যাব সদরদফতরে এক প্রেস ব্রিফিংয়ে র‍্যাবের মহাপরিচালক বেনজীর আহমেদ এ কথা বলেন। তিনি বলেন, গত তিন দিনে সাত দফায় দেশের বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে প্রশ্নফাঁস চক্রের আট সদস্যকে আটক করা হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **সংবাদ** ( পৃ.১,ক.৭)।

**৭। আইনকানুন সংক্রান্ত ধারাবাহিক প্রকাশনা হিসেবে 'বাংলাদেশ কোড' এর মোড়ক উন্মোচন করলেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (২ এপ্রিল সোমবার) তাঁর কার্যালয়ে মন্ত্রিসভার সাপ্তাহিক বৈঠকের পূর্বে বাংলাদেশ কোড-এর মোড়ক উন্মোচন করেছেন। মন্ত্রিপরিষদের সচিব (সমন্বয় ও সংস্কার) এন এম জিয়াউল আলম বলেন, এটি ৪২টি খণ্ডে এ অঞ্চলের ১৭৯৯ সাল থেকে ২০১৪ সালের জুন পর্যন্ত আইনের ধারাবাহিক প্রকাশনা। বাংলাদেশ ল'স ডিভিশন এন্ড ডিক্লারেশন এক্ট- ১৯৮৩ এর আওতায় সরকার 'বাংলাদেশ কোড' প্রকাশ করেছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৫), **নিউ নেশন** (পৃ.৩,ক.৮)।

**৮। আজ জাতীয় চলচ্চিত্র দিবস : বিএফডিসি ও শিল্পকলা একাডেমিতে বর্ণাঢ্য আয়োজন**

আজ (৩ এপ্রিল মঙ্গলবার) জাতীয় চলচ্চিত্র দিবস। মহান স্বাধীনতার স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৫৭ সালের ৩ এপ্রিল তদানীন্তন পূর্ব পাকিস্তান প্রাদেশিক পরিষদে 'চলচ্চিত্র উন্নয়ন করপোরেশন (এফডিসি)' গঠনের প্রস্তাব উত্থাপন করেন। দিনটিকে স্মরণ করে ২০১২ সালে প্রথমবার জাতীয় চলচ্চিত্র দিবস উদ্‌যাপন করা হয়। সে ধারাবাহিকতায় এ বছরও উদ্‌যাপন করা হবে দিবসটি। এ উপলক্ষে চলচ্চিত্র ও অভিনয় জগতের বিভিন্ন প্রতিষ্ঠান ও সংগঠন দিবসটি যথাযথ মর্যাদায় পালনের লক্ষ্যে ব্যাপক কর্মসূচি গ্রহণ করেছে। এর মধ্যে উল্লেখযোগ্য কর্মসূচি হাতে নিয়েছে-বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন করপোরেশন (বিএফডিসি) এবং বাংলাদেশ শিল্পকলা একাডেমি। চলচ্চিত্র দিবস উপলক্ষে বাণী দিয়েছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৭), **যুগান্তর** (পৃ.১৭,ক.৮), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.৫), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১)।

**৯। গত মার্চে রেমিট্যান্স বেড়েছে ২১ শতাংশ : বাংলাদেশ ব্যাংকের তথ্য**

ব্যাংকিং চ্যানেলে রেমিট্যান্স প্রবাহ বাড়ছে। সদ্যসমাপ্ত মার্চ মাসে বিশ্বের বিভিন্ন দেশে কর্মরত প্রবাসী বাংলাদেশিরা ১৩০ কোটি মার্কিন ডলারের বেশি রেমিট্যান্স দেশে পাঠিয়েছেন, যা গত বছরের একই মাসের চেয়ে ২১ শতাংশ বেশি। গত বছরের মার্চে প্রবাসী বাংলাদেশিরা ১০৭ কোটি ৭৫ লাখ মার্কিন ডলার রেমিট্যান্স পাঠিয়েছিলেন। রেমিট্যান্সসংক্রান্ত বাংলাদেশ ব্যাংকের সর্বশেষ প্রতিবেদন থেকে এ তথ্য পাওয়া গেছে। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.৬), **ইনকিলাব** (পৃ.৩,ক.৪), **ডেইলি স্টার** বিজনেস পাতা (পৃ.১,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.২)।

## সম্পাদকীয়

ক. **সমকাল :** বাগেরহাটের তিন বনদস্যু দলের ২৭ সদস্য আত্মসমর্পণ করার মধ্য দিয়ে সুন্দরবনের সম্ভাবনা নির্বিঘ্নে কাজে লাগানোর উদ্যোগ নিঃসন্দেহে আরেক ধাপ এগিয়ে গেল বলে মত প্রকাশ।

খ. **ভোরের কাগজ :** শিক্ষা মন্ত্রণালয় প্রশ্নফাঁস রোধে পরীক্ষার চারদিন আগে ২৯ মার্চ থেকে কোচিং সেন্টার বন্ধ রাখতে বললেও সেই নির্দেশনা যথাযথভাবে কার্যকর হয়নি উল্লেখ করে এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

গ. **ইনকিলাব :** প্রায় চার হাজার কোটি টাকা ব্যয়ে নির্মিত ঢাকা-চট্টগ্রাম মহাসড়ক চারলেনে উন্নীত করা হলেও যানজটমুক্ত না হওয়ায় উদ্বেগ প্রকাশ করে সড়ক ব্যবস্থাপনা নিরাপদ করতে যথাযথ সিদ্ধান্ত ও ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঘ. **জনকণ্ঠ :** সারাদেশে প্রায় ২১ হাজার ৫০০ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক নেই এ খবরে উদ্বেগ প্রকাশ করে প্রধান শিক্ষকসহ শিক্ষকদের শুন্যপদ পূরণে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক শিক্ষা অধিদফতর জরুরি উদ্যোগ গ্রহণ করবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঙ. **যায়যায়দিন :** কোনোভাবেই সড়ক দুর্ঘটনা প্রতিরোধ করা যাচ্ছে না উল্লেখ করে এ ব্যাপারে প্রয়োজনীয় উদ্যোগ নেওয়ার সুপারিশ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** অধিকাংশ রোগীই মেডিক্যাল টেস্টের ব্যয়ভার বহন করতে অসমর্থ হওয়ায় অপ্রয়োজনীয় মেডিক্যাল টেস্ট না করার জন্য ডাক্তারদের প্রতি রাষ্ট্রপতির আহ্বানের প্রতি সমর্থন ব্যক্ত করে জনস্বার্থে ডাক্তারদের রোগীদের প্রতি আরও যত্নবান হওয়ার আহ্বান।

ছ. **ডেইলি সান :** বিআরটিসি লাভজনক প্রতিষ্ঠানের পরিবর্তে দিন দিন অদক্ষতা, অব্যবস্থাপনা ও দুর্নীতির কারণে অলাভজনক হয়ে পড়ায় বিআরটিসিকে এসব অভিযোগ কাটিয়ে ওঠার প্রত্যাশা।

জ. **ডেইলি স্টার :** ফুটপাতে মোটরবাইক চলাচল প্রতিহত করতে ফুটপাতের উভয় মুখে কংক্রিটের পিলার নির্মাণের ফলে পথচারী চলাচল বাধাগ্রস্ত হওয়াসহ সেই স্থান কার পার্কিং স্পটে পরিণত হওয়ায় এ বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে দ্রুত ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

ঝ. **নিউ নেশন :** আসন্ন রমজানে নিত্যপণ্যের মূল্য বৃদ্ধি নিয়ন্ত্রণে রাখতে এখনই প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ।

## উপসম্পাদকীয়

**সমকাল** পত্রিকায় প্রকাশিত কলামে একটি গণতান্ত্রিক দেশে সুস্থ ধারার রাজনীতিচর্চার পথ যত মসৃণ হবে, পরমতসহিষ্ণুতার দৃষ্টান্ত যত পুষ্ট হবে, রাষ্ট্র ও সমাজ তত দ্রুত আলোকিত হবে বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত **'আমাদের ছোট ছোট অপচয়'** শিরোনামের নিবন্ধে সরকারি-বেসরকারি প্রতিটি প্রতিষ্ঠান ও বাসাবাড়িতে অপচয় শূন্যের কোঠায় নিয়ে আসার জন্য উদ্বুদ্ধকরণ কার্যক্রম জোরদার করতে হবে বলে অভিমত প্রকাশ করা হয়েছে।

#

ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা